**সংবাদ বিবৃতি**

# পাঠ্যবই থেকে আলোচিত 'শরীফার গল্প' বাদ দেওয়ার সুপারিশের তীব্র প্রতিবাদ এবং এ সুপারিশ প্রত্যাখ্যানের দাবি জানাচ্ছে হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি): সুপারিশ আমলে না নিয়ে 'বিশেষজ্ঞ কমিটি' ভেঙ্গে দিয়ে নতুনভাবে নিরপেক্ষ ও স্বার্থের দ্বন্দ্ব মুক্ত কমিটি গঠনের দাবি

**[১৯ মে ২০২৪, ঢাকা]** সপ্তম শ্রেণির ইতিহাস ও সামাজিক বিজ্ঞান বইয়ে মানুষে মানুষে সাদৃশ্য ও ভিন্নতা অধ্যায়ের 'শরীফার গল্প' শীর্ষক গল্পটি বাদ দেওয়ার সুপারিশ করেছে শিক্ষা মন্ত্রণালয়ের করা উচ্চপর্যায়ের বিশেষজ্ঞ কমিটি। হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) এ সুপারিশ প্রত্যাখ্যান করছে ও এর তীব্র প্রতিবাদ জানাচ্ছে। ফোরাম মনে করে, বৈচিত্র্যতা আছে বলেই বহুস্তরিত সামাজিক সৌহার্দ্য বিদ্যমান। এই সৌহার্দ্য বজায় রাখতে হলে বৈচিত্র্যতাকে সম্মান করতে হবে, যে জন্য এই বৈচিত্র্যতাকে জানা-বোঝা জরুরী। তাছাড়া, বাংলাদেশের সংবিধান লিঙ্গ, বর্ণ, ধর্ম বা যে কোনো বৈষম্যের উর্ধ্বে সকলের সমতা ও সমঅধিকারের নিশ্চয়তা প্রদান করেছে। সেই বিবেচনায় সামাজিক বৈচিত্র্যতাকে জানার অন্যতম প্রাথমিক উদ্যোগ ছিলো এই 'শরীফার গল্প'। এ ধরনের সুপারিশ গ্রহণ করা হলে তা হবে মূলত একটি প্রতিক্রিয়াশীল স্বার্থ দ্বন্দ্বে দুষ্ট গোষ্ঠীর সংবিধান পরিপন্থী অযৌক্তিক দাবির কাছে মাথা নত করা। ফোরাম এ উদ্দেশ্য প্রণোদিত সুপারিশের তীব্র প্রতিবাদ জানাচ্ছে এবং এ সুপারিশ বিবেচনায় না নিয়ে শিক্ষা ও সংস্কৃতি বিশেষজ্ঞ ও সংবিধান সম্মত সকল নাগরিকের সমান অধিকার, সমতা, ন্যায্যতা ও বৈচিত্র্যতার প্রতি সত্যিকার অর্থে শ্রদ্ধাশীল এমন ব্যক্তিদের নিয়ে একটি নিরপেক্ষ কমিটি গঠন করার আহবান জানাচ্ছে।

নতুন শিক্ষাক্রমের আলোকে প্রণীত সপ্তম শ্রেণির ইতিহাস ও সামাজিক বিজ্ঞান বইয়ের একটি অধ্যায়ে হিজড়া জনগোষ্ঠী সম্পর্কে জনসচেতনতামূলক একটি পাঠ রয়েছে। যা সরকার কর্তৃক হিজড়া সম্প্রদায়ের আইনগত স্বীকৃতির ধারাবাহিকতায় একটি প্রশংসনীয় উদ্যোগ হিসেবে বিবেচিত হয়েছে। অথচ এ গল্পটি নিয়ে একটি সাম্প্রদায়িক ও প্রতিক্রিয়াশীল গোষ্ঠীর পক্ষ থেকে বিতর্কের সূত্রপাত করা হয়, এ গল্প সম্বলিত বইয়ের পাতা প্রকাশ্যে ছিঁড়ে ফেলা হয়। ঐ সময় তাদের পক্ষ থেকে সামাজিক যোগাযোগমাধ্যম ও বিভিন্ন কর্মসূচীর মাধ্যমে নানা ঘৃণাত্মক, চরম বৈষম্যমূলক ও আক্রমণাত্মক বক্তব্য ছড়ানো হয়। এ ধরণের বৈষম্যমূলক আচরণ বাংলাদেশ সংবিধানের অনুচ্ছেদ সমূহ যথাক্রমে ২৭ (আইনের দৃষ্টিতে সমতা), ২৮ (ধর্ম, প্রভৃতি কারণে বৈষম্য) এর সুস্পষ্ট লঙ্ঘন। পরে গল্পটি পর্যালোচনা করার জন্য উচ্চপর্যায়ের বিশেষজ্ঞ কমিটি গঠন করে শিক্ষা মন্ত্রণালয়। বিভিন্ন গণমাধ্যমসূত্রে জানা গেছে, কয়েক দিন আগে শিক্ষা মন্ত্রণালয়ে কমিটির প্রতিবেদন জমা দেওয়া হয়েছে। বিভিন্ন ভুল উল্লেখ করে কমিটির পক্ষ থেকে এই গল্পটি বাদ দেওয়ার সুপারিশ করা হয়েছে, এ বিষয়ে এখন শিক্ষা মন্ত্রণালয় পরবর্তী সিদ্ধান্ত দেবে।

এ কমিটি নিয়ে শুরু থেকেই নানা সংশয় ছিলো। কমিটির এ সুপারিশ প্রমাণ করছে নিরপেক্ষ পর্যালোচনা ও স্বচ্ছ প্রক্রিয়ায় স্বার্থের দ্বন্দ্বের উর্ধ্বে থেকে, সাংবিধানিক অঙ্গীকার ও এদেশের স্বাধীনতার মূল চেতনা, সকল নাগরিকের সমান অধিকারের প্রতি, শ্রদ্ধাশীল হয়ে এ কমিটি দায়িত্ব পালন করতে পারেনি। হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) মনে করে, শিক্ষার্থীদের মধ্যে সকল জনগনের সমান অধিকারসহ মৌলিক মানবাধিকার, বৈচিত্র্যতার প্রতি সম্মান, বৈষম্যহীনতা ও সমতা, সহিষ্ণুতা, সহবস্থান প্রভৃতি বিষয় সম্পর্কে সচেতন ও সংবেদনশীল করে তোলার জন্য এমন বিষয়ভিত্তিক কনটেন্ট পাঠ্যপুস্তকে থাকা জরুরি ও অপরিহার্য। এর মাধ্যমে বাল্যকাল থেকেই শিশু-কিশোররা একজন সচেতন ও সংবেদনশীল মানুষ হিসেবে গড়ে উঠতে পারবে, তাদের মধ্যে পারস্পরিক সম্মান ও শ্রদ্ধাবোধ কাজ

**Secretariat:**
Ain o Salish Kendra (ASK)
2/16, Block-B, Lalmatia, Dhaka-1207
Phone: +88-02-810 0192, 810 0195, 810 0197 | HRFB Email: hrfb.20@gmail.com | Website: https://hrf-bd.org/
**Experts:**
Dr. Hameeda Hossain, Sultana Kamal and Raja Devasish Roy
**Forum Members:**
Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).

করবে। একটি সমতা ও মানবাধিকারভিত্তিক রাষ্ট্র প্রতিষ্ঠার জন্য এমন শিক্ষা কারিকুলাম প্রয়োজন। এ গল্পে যদি কোন ভুল-ত্রুটি থাকে তা নির্ভরযোগ্য যুক্তিসহ শুধরানোর সুপারিশ না করে একেবারে বাদ দেয়ার সুপারিশ করায় ফোরাম বিস্মিত।

এ প্রেক্ষিতে ফোরাম সরকার ও বিশেষ করে শিক্ষা মন্ত্রণালয়ের কাছে নিম্নোক্ত দাবি জানাচ্ছে:

১. বাংলাদেশের সংবিধান, মুক্তিযুদ্ধের মূল চেতনা এবং মানবাধিকার মূলনীতি ও এমনকি সংশ্লিষ্ট বিষয়ে সরকারের নীতির সাথে সামঞ্জস্যতা না থাকায় এ সুপারিশ বিবেচনায় না নিয়ে বাতিল করা।

২. অনতিবিলম্বে এ কমিটি ভেঙ্গে দিয়ে এ বিষয়টি পর্যালোচনা করার জন্য শিক্ষা ও সংস্কৃতি বিশেষজ্ঞ এবং সংবিধান সম্মত সকল নাগরিকের সমান অধিকার, সমতা, ন্যায্যতা ও বৈচিত্র্যতার প্রতি সত্যিকার শ্রদ্ধাশীল এবং সংবেদনশীল ব্যক্তি, নারী, জেন্ডার বিশেষজ্ঞ- এমন ব্যক্তিদের নিয়ে একটি নিরপেক্ষ কমিটি গঠন করা।

৩. 'শরীফার গল্প' বাদ না দিয়ে ভুল বা অসঙ্গতি থাকলে নতুন কমিটির মাধ্যমে সংশোধন করে, আরো যুগপোযোগী করে পুনঃপ্রকাশ করা।

**Secretariat:**
Ain o Salish Kendra (ASK)
2/16, Block-B, Lalmatia, Dhaka-1207
Phone: +88-02-810 0192, 810 0195, 810 0197 | HRFB Email: hrfb.20@gmail.com | Website: https://hrf-bd.org/
**Experts:**
Dr. Hameeda Hossain, Sultana Kamal and Raja Devasish Roy
**Forum Members:**
Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).